

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.০২৭.০০১.১২.১৪৬

তারিখঃ ০৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব মোঃ জাভেদ ইমাম, সংযুক্ত কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), আইন ও বিচার বিভাগের অনুকূলে বরখাস্ত হওয়ার পূর্ব পর্যন্ত খোরপোষ ভাতা উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ নং ১০.০০.০০০০.১২৫.০২৭.০০১.১২-৭৪৫, তারিখঃ ২৭/১২/২০১২ খ্রিঃ, বিচার শাখা-১, আইন ও বিচার বিভাগ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ জাভেদ ইমাম এর বিরুদ্ধে ফৌজদারি মামলা রুজু হওয়ায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গত ১৩/১২/২০১২ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫. ০২৭.০০১.১২-২৭৩ নং স্মারকমূলে তাঁকে এ বিভাগে সংযুক্ত করা হয়। পরবর্তীতে তাঁকে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ সার্ভিস রুল পার্ট-১ এর ৭৩ বিধি এবং সংস্থাপন মন্ত্রণালয়ের Office MEMORANDUM No. ED(re-VI-S/123/78-115(500), Dated : 21 November 1978 এর আলোকে চাকরি হতে এ বিভাগের গত ২৭/১২/২০১২ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০. ১২৫.০২৭.০০১.১২-৭৪৫ নং স্মারকমূলে সাময়িক বরখাস্ত করা হয়।

২। পরবর্তীতে অতিরিক্ত মহানগর দায়রা জজ, ২য় আদালত, ঢাকা মেট্রোঃ দায়রা মামলা নং-৩৪৪/২০১৩ [নিউমার্কেট থানার মামলা নং-০৩(১২)১২, জি.আর মামলা নং-২২৪/১২ হতে উদ্ধৃত] এ গত ২৭/০৮/২০১৩ খ্রিঃ তারিখের রায় ও আদেশে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯(১) টেবিল ৩(ক) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জনাব মোঃ জাভেদ ইমাম-কে দোষী সাব্যস্ত করে ০৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং ১০,০০০/= (দশ হাজার) টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরো ০২ (দুই) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে। The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর বিধি ৩(১) অনুযায়ী উক্ত রায় প্রকাশের দিন হতেই তিনি তাৎক্ষণিকভাবে চাকরি হতে বরখাস্ত মর্মে গণ্য হন।

৩। উক্ত রায়ের বিরুদ্ধে জনাব মোঃ জাভেদ ইমাম হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল আপীল মামলা নং ৫২৭২/২০১৩ দায়ের করেন। তিনি হাইকোর্ট বিভাগ হতে গত ১১/০২/২০১৫ খ্রিঃ তারিখ খালাসপ্রাপ্ত হলেও হাইকোর্ট বিভাগের আদেশের বিরুদ্ধে বর্তমানে বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগে Criminal Appeal (A) 133/2016 নম্বর মামলা চলমান রয়েছে।

৪। হাইকোর্ট বিভাগের গত ১১/০২/২০১৫ খ্রিঃ তারিখের খালাস আদেশের বিরুদ্ধে বর্তমানে বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগে Criminal Appeal (A) 133/2016 নম্বর মামলা বিচারার্থী থাকায় এ পর্যায়ে জনাব মোঃ জাভেদ ইমাম The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর বিধি ৩(৩) এর সুবিধা পেতে হকদার নন। আপীল বিভাগের নিয়মিত আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি চাকরি হতে বরখাস্ত রয়েছেন মর্মে গণ্য হবেন। উক্ত বিধির আলোকে তাঁকে সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা চলমান মাস হতে প্রদানের কোন সুযোগ নেই।

৫। এমতাবস্থায়, জনাব মোঃ জাভেদ ইমাম-কে এ বিভাগের গত ২৭/১২/২০১২ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৫. ০২৭.০০১.১২-৭৪৫ নম্বর স্মারকমূলে সাময়িক বরখাস্তকালীন সময় হতে দণ্ডিত হওয়ার পূর্ব পর্যন্ত অর্থাৎ গত ০১/১২/২০১২ খ্রিঃ তারিখ হতে ২৬/০৮/২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত খোরপোষ ভাতা উত্তোলনের অনুমতি প্রদান করা হলো।


২১/০৩/২০২১
(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৪/৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ০৪। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৫। জনাব মোঃ জাভেদ ইমাম, সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ০৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ০৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ০৯। গার্ড ফাইল।
- ১০। অফিস কপি।